দৈনিক খবর

তারিখ 07 FEB 1993
পৃষ্ঠা ৬ কলাম ৩

171

# রাজনগরের প্রাথমিক শিক্ষা দারুণ ব্যাহত

রাজনগর (মৌলভীবাজার), ৬ই ফেব্রুয়ারী (আকলু মিয়া চৌধুরী) প্রয়োজনীয় গৃহ, শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মকর্তার অভাবসহ বিরাজমান নানা সমস্যার কারণে রাজনগর থানার প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষের উদাসীনতার ফলে হাজার—

৪—এর পাতার দেখুন

## রাজনগরের প্রাথমিক

৬—এর পাতার পর

হাজার ছাত্র-ছাত্রীর লেখাপড়া বর্তমানে বন্ধ হবার উপক্রম হয়েছে। থানার এমন কোন প্রাথমিক বিদ্যালয় নেই যেগুলো সংকটমুক্ত এবং শিক্ষাকার্যে সুষ্ঠু গতিধারা অব্যাহত রেখেছে।

সাম্প্রতিক ঘূর্ণিঝড়ে থানার ২১টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলোর মধ্যে রয়েছে নয়াগাঁও, জালালপুর, ইসলামপুর, বিচনকৃতি, কেমসহস্র রশিছড়া, মরিচা, শাহবাজপুর, ফতেপুর, পানিশাইল, হলদি গোল, ভূমি উড়া, দেবীপুর, শান্তকুল ও জাহিদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়। উল্লেখিত বিদ্যালয়গুলোসহ থানার প্রতিটি বিদ্যালয়গুলোতে দৈন্যদশা লেগেই আছে। কোথাও কোন বিদ্যালয় আছে তো চেয়ার-টেবিল নেই, কোথাও চেয়ার-টেবিল আছেতো নেই প্রয়োজনীয় শিক্ষক। ফলে ছাত্র-ছাত্রীরা রোদ, বৃষ্টি মাথায় নিয়ে ক্লাস করতে গিয়ে হিমশিম খাচ্ছে। জানা যায়, থানার ১শ'টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে বিভিন্ন বিদ্যালয়ে ৪ জন প্রধান শিক্ষকসহ মোট ১৫টি পদে শিক্ষক সংকট রয়েছে। উল্লেখ্য, ১০০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ছাড়াও থানাতে রেজিষ্টার্ড প্রাপ্ত আরও ১৩টি বিদ্যালয় রয়েছে। শতাধিক শিক্ষক-শিক্ষিকা এসব বেসরকারী বিদ্যালয়ে শিক্ষকতার দায়িত্ব পালন করলেও তারা অনিশ্চিত ভবিষ্যতের দোলায় ঘোর পাক খাচ্ছেন।

এলাকাবাসীর দাবী, অনতিবিলম্বে থানার হাজার হাজার ছাত্র-ছাত্রীর লেখাপড়ার স্বার্থে এসব সংকট নিষ্ঠার সাথে মোকাবেলা করে প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার গতি অব্যাহত রাখতে কর্তৃপক্ষ সচেষ্ট হবেন।